



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৮৮.২০১৬/৭৩৮২/৬

তারিখ: ০৭/১০/১৪২৬বঙ্গাব্দ  
২৩/০১/২০১৯খ্রিস্টাব্দ

**বিষয়:** গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন সাঘাটা ডিগ্রি কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আছির মাহমুদ, প্রভাষক (মার্কেটিং) কে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে প্যাটার্নভুক্ত পদে সমন্বয়।

**সূত্র:** অধ্যক্ষের ১৭/১১/২০১৯খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন সাঘাটা ডিগ্রি কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আছির মাহমুদ, প্রভাষক (মার্কেটিং) কে উচ্চ মাধ্যমিক স্তরের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে পদ সমন্বয়পূর্বক এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারায় বর্ণিত আছে- “উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূন্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৪১৪; তারিখ: ১১/১২/২০১৩খ্রি. মোতাবেক অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন বিষয়ের পরিমার্জিত শিরোনাম উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিবেচিত হবে।

স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আছির মাহমুদ, প্রভাষক (মার্কেটিং) কে নিয়োগ প্রক্রিয়া যথাযথ থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারা মোতাবেক প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে সমন্বয় করতে কোন বাধা নেই।

এমতাবস্থায়, বর্ণিত প্রভাষকের নিয়োগ যথাযথ হলে তাঁর এমপিওভুক্তির লক্ষ্যে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*Alam*  
23.1.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

সাঘাটা ডিগ্রি কলেজ

সাঘাটা, গাইবান্ধা

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, সাঘাটা ডিগ্রি কলেজ, সাঘাটা, গাইবান্ধা
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঘাটা, গাইবান্ধা
- ৫। জনাব মোঃ আছির মাহমুদ, প্রভাষক (মার্কেটিং), সাঘাটা ডিগ্রি কলেজ, সাঘাটা, গাইবান্ধা
- ৬। সংরক্ষণ নথি।